গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [১.৩] সূচক বাস্তবায়নের অংশ হিসাবে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত চতুর্থ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | (মোঃ আব্দুল কাইউম সরকার)<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৫ জুন, ২০২৪ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | জুম প্লাটফর্মে রেকর্ডকৃত |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সভায় বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সংশ্লিষ্ট প্রতিনিধিগণ/স্থানীয় প্রশাসনের প্রতিনিধিবৃন্দ এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র সেবা সংশ্লিষ্ট সিলিকাবালু, পাথর, সাদামাটি ও খনিজ বালুর সেবাগ্রহীতাগণ সংযুক্ত ছিলেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে বিএমডির উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনার চতুর্থ কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনার বিভিন্ন লক্ষ্যমাত্রা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, চতুর্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সকল সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। নৈতিকতা কমিটির চতুর্থ সভাটি গত ২০ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। এছাড়াও কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে বছরব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করাসহ রাজস্ব বাজেট বাস্তবায়ন করা হয়েছে। টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ চতুর্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ছিল ইতোমধ্যে বিএমডির কিছু অব্যবহৃত/অকেজো মালামালের তালিকা করে বিধি মোতাবেক অকেজো ঘোষণা করা হয়েছে। এছাড়া, খনি হতে খনিজ সম্পদ উত্তোলন, আহরণ ও মনিটরিং জোরদার করার জন্য বছরব্যাপী ৪টি পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ৪টি পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। পাথর ও সিলিকা বালু কোয়ারি হতে অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন বন্ধে সরেজমিন কোয়ারি পরিদর্শনের লক্ষ্যমাত্রা ছিল ৪টি যা ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে।

৩.০ সভায় অংশীজনদের মতামত জানতে চাওয়া হলে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান বলেন, পার্বত্য বান্দরবান জেলায় ইতঃপূর্বে কোনো বালুমহাল ছিল না। তবে সাম্প্রতিক বান্দরবান সদরে একটি বালুমহালের প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রস্তাবের বিষয়ে আইন-বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। পাথর কোয়ারি হতে অবৈধভাবে পাথর উত্তোলন সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে জেলা প্রশাসন কর্তৃক যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করা হয় বলে সভায় অবহিত করেন। বিএমডির উপপরিচালক (সংযুক্ত) জনাব মোঃ মামুনুর রশীদ সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান কর্তৃক কিছু পাথর জব্দ করা হয়েছে মর্মে টেলিফোনে অবহিত করেছেন। বিএমডি থেকে সরেজমিন পরিদর্শনে করে জব্দকৃত পাথরসমূহের বিষয়ে

বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। বিএমডির মহাপরিচালক মহোদয় এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুর রউফ (ব্যবসায়ী), পঞ্চগড় সভায় জানান, পঞ্চগড় জেলার পাথর কোয়ারিসমূহ হতে পাথর উত্তোলন বন্ধ থাকায় স্থানীয় কিছু সাধারণ মানুষ সনাতন পদ্ধতিতে অল্প কিছু পাথর উত্তোলন করে নিয়ে যায়। কোয়ারি ইজারা প্রদানের মাধ্যমে পাথর কোয়ারিসমূহ হতে নিয়ম অনুযায়ী পাথর উত্তোলন শুরু হলে সাধারণ মানুষগুলোর কর্মসংস্থান নিশ্চিত হবে। মহাপরিচালক মহোদয় এ বিষয়ে জানান, পাথর কোয়ারি ইজারার বিষয়ে সরকারের সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, মহাপরিচালক মহোদয় আরও জানান, যদি কেউ তার নিজস্ব জমি হতে পাথর উত্তোলন করতে চায় তাহলে সুনির্দিষ্ট কারণ উল্লেখ করে বিএমডি বরাবর আবেদন করতে হবে। বিএমডি কর্তৃক যাচাই-বাছাই করে পাথর উত্তোলনের যুক্তিযুক্ত কারণ রয়েছে প্রতীয়মান হলে, পাথর উত্তোলনে পরিবেশের ক্ষতি হবে না, কৃষি জমি নষ্ট হবে না এসব বিবেচনা করেই আমরা ইজারা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। অতঃপর সরকারকে প্রাপ্য রয়্যালটি পরিশোধ সাপেক্ষে জমির মালিক তাঁর নিজ জমি হতে পাথর উত্তোলন করতে পারবেন। সভাপতি মহোদয় আরও জানান, গেজেটভুক্ত কোয়ারিসমূহ উন্মুক্ত করার লক্ষ্যে বিএমডি কর্তৃক চেষ্টা করা হচ্ছে। পাথর কোয়ারি ইজারা উন্মুক্ত হওয়া মাত্রই সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে অবহিত করা হবে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১। পাথর কোয়ারিসমূহের বিষয়ে সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী বিএমডি হতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২। পাথর কোয়ারি হতে অবৈধভাবে পাথর উত্তোলন বন্ধে নিয়মিত কোয়ারিসমূহ সরেজমিন পরিদর্শন করতে হবে এবং অবৈধভাবে পাথর উত্তোলনকারীদের বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩০-০৬-২০২৪
(মোঃ আব্দুল কাইউম সরকার)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd


তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.২৯৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর;
৬। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৮। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, মৌলভীবাজার;
১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, সিলেট;
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, সুনামগঞ্জ;
১৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, দিনাজপুর;

১৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, ময়মনসিংহ;

১৫। জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব), জেলা প্রশাসকের কার্যলয়, লালমনিরহাট;

১৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, পঞ্চগড়;

১৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যলয়, বান্দরবান;

১৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);

১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;

২০। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;

২১। জনাব মোঃ মিজানুর রহমান/জনাব মোঃ শফিকুল ইসলাম/জনাব মোঃ সেলিম আহমেদ/জনাব মোঃ সালেক মিয়া/জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট;

২২। প্রোপাইটর জনাব মোঃ গোলাম কিবরিয়া, বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লি. এবং

২৩। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

৩০-০৬-২০২৪
মোসাঃ মাহবুবা খাতুন
উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)